

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (১ হার্ম)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصيل الاول

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عَلَيْهِ وَسلم: قَالَ اللَّهُ تَعَالَى: يُؤْذِينِي ابْنُ آدَمَ يَسُبُ الدَّهْرَ وَأَنَا الدَّهْرُ بِيَدِيَ الْأَمْرُ أُقَلِّبُ اللَّيْلَ وَالنَّهَارَ

বাংলা

২২-[২১] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা বলেন, আদম সন্তান আমাকে কষ্ট দিয়ে থাকে, তারা যুগ বা কালকে গালি দেয়, অথচ আমিই দাহর অর্থাৎ- যুগ বা কাল। আমার হাতেই (কালের পরিবর্তনের) ক্ষমতা। দিন-রাত্রির পরিবর্তন আমিই করে থাকি। (বুখারী, মুসলিম)[1]

English

Chapter - Section 1

Abu Huraira reported that God's messenger declared that God said, "The son of Adam injures me by abusing time, whereas I am time. Authority is in my hand. I vary night and day."

(Bukhari and Muslim.)

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৮২৬, মুসলিম ২২৪৬, আবূ দাউদ ৫২৭৪, আহমাদ ৭২৪৫, সহীহাহ ৫৩১, সহীহ আল জামি' ৪৩৪৩।

ব্যাখ্যা



ব্যাখ্যা: 'আদম সন্তান আমাকে কষ্ট দেয়' এর অর্থ হচ্ছে সে আমার সম্পর্কে এমন মন্তব্য করে যা আমি অপছন্দ করি। আর সে আমার দিকে এমন বস্তুর সম্পর্ক স্থাপন করে যা আমার মর্যাদার পরিপন্থী। এ থেকে উদ্দেশ্য হলো যার দ্বারা এরূপ কাজ সংঘটিত হবে সে আল্লাহর বিরাগ ও অসন্তোষের শিকার হবে। আর আল্লাহ ও তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা অপছন্দ করে এবং যার প্রতি তারা সন্তুষ্ট নন এমন কাজ করা।

"যামানাকে গালি দেয়" এর মর্ম হলো, যখন কারো মৃত্যু ঘটে অথবা কারো ধ্বংস হয় বা সম্পদ বিনষ্ট হয়, তখন যামানাকে বলে "যামানা ধ্বংস হোক" জাহিলী যুগের লোকেরা কোন বিপদ মুসীবাতে পতিত হলে এরূপ বলতো। তাদের মধ্যে কেউ তো এমন ছিল যে, তারা আল্লাহ-কে বিশ্বাস করত না, তারা দিবা-রাত্রির পরিবর্তন ছাড়া আর কিছুই বুঝতো না। তাদের বিশ্বাস ছিল প্রতি ৩৬ হাজার বছর পরে সকল কিছুর পুনরাবৃত্তি ঘটে।

আবার কেউ এমন ছিল যে, তারা স্রস্টাকে স্বীকার করতো, তবে তারা কোন অপছন্দনীয় বিষয়কে আল্লাহর দিকে সম্পৃক্ত করাকে অপছন্দ করতো। ফলে অপ্রীতিকর কিছু ঘটলে তা যামানা ও যুগের সাথে সম্পৃক্ত করত। এভাবেই তারা যামানাকে গালি দিতো এবং দোষারোপ করত। প্রকৃতপক্ষে আল্লাহ তা'আলাই হলেন যামানার সৃষ্টিকারী, এর পরিবর্তনকারী। যামানার মধ্যে কোন কল্যাণ ও অকল্যাণের সৃষ্টি করেন মহান আল্লাহ কর্তৃক সৃষ্টি। অতএব কোন আদম সন্তান যখন সেই যামানাকে গালি দেয় তখন প্রকৃতপক্ষে সে গালি তার ওপরই বর্তায় যিনি এর সৃষ্টিকর্তা। যার সমর্থন পাওয়া যায় মুসনাদ আহমাদে আবু হুরায়রাহ্ (রাঃ) কর্তৃক বর্ণিত সহীহ হাদীসে। এতে বলা হয়েছে "তোমরা যামানাকে গালি দিবে না" কেননা আল্লাহ তা'আলা বলেন "আমিই যামানা। দিবা রাত্রি আমারই (সৃষ্টি)। আমিই তা নতুন করে নিয়ে আসি আবার তা পুরাতন করে দিই। এক বাদশাহ্ পরে আরেক বাদশাহ্ আবির্ভাব ঘটাই।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন